

স্মারক নং: ০৫.৪১.৯৩০০.০০০.০০১.০১.০০০১.২৫.৩১৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২  
১১ ডিসেম্বর ২০২৫

### গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি শরীফা হক, জেলা প্রশাসক, টাঙ্গাইল ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫ পৌষ - ২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	:	২১ পৌষ - ২৭ পৌষ ১৪৩২ ০৫ জানুয়ারি - ১১ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৮ পৌষ - ০৪ মাঘ ১৪৩২ ১২ জানুয়ারি - ১৮ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৩০ টাঙ্গাইল-১ (মধুপুর উপজেলা ও ধনবাড়ী উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুপুর, টাঙ্গাইল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: ১১ দিন ১২ মাস ২০২৫ বৎসর


  
শরীফা হক  
জেলা প্রশাসক, টাঙ্গাইল  
ও  
রিটার্নিং অফিসার  
১৩০ টাঙ্গাইল-১  
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নং: ০৫.৪১.৯৩০০.০০০.০০১.০১.০০০১.২৫.৩১৬

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২  
১১ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক।
৭. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা।
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৯. পুলিশ সুপার, টাঙ্গাইল।
১০. পরিচালক, র্যাব-১৪, টাঙ্গাইল।
১১. অধিনায়ক, বিজিবি, জামালপুর ব্যাটালিয়ন (৩৫বিজিবি), জামালপুর।
১২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, মধুপুর/ধনবাড়ী, টাঙ্গাইল ও সহকারী রিটার্নিং অফিসার। (তাকে উক্ত গণ-বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ে এবং আওতাধীন এলাকায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, টাঙ্গাইল।
১৫. সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল। (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
১৬. উপজেলা নির্বাচন অফিসার, মধুপুর/ধনবাড়ী, টাঙ্গাইল।
১৭. অফিসার ইনচার্জ, মধুপুর/ধনবাড়ী থানা, টাঙ্গাইল।
১৮. সভাপতি/সম্পাদক, টাঙ্গাইল প্রেস ক্লাব, টাঙ্গাইল।
১৯. সভাপতি/সম্পাদক, মধুপুর/ধনবাড়ী প্রেস ক্লাব, টাঙ্গাইল।
২০. নোটিশ বোর্ড .....

  
১১/১২/২৫

জেলা প্রশাসক, টাঙ্গাইল  
ও  
রিটার্নিং অফিসার  
১৩০ টাঙ্গাইল-১  
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন